



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
বীজ প্রত্যয়ন এজেন্সী  
গাজীপুর-১৭০১।  
[www.sca.gov.bd](http://www.sca.gov.bd)

স্মারক নং-১২.০৪.০০০০.০১০.৯৯.০০১.২৫. ১৭৫৯

তারিখঃ ১৬/১০/১৫.....

**প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি**

এত দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরের কন্ট্রোল খামারে ২০২৫-২০২৬ খরিফ-১ মৌসুমে আউশ ধানের প্রি-পোস্ট কন্ট্রোল গ্রো-আউট টেস্ট হতে প্রাপ্ত ১৩২০ (এক হাজার তিনশত বিশ) কেজি আউশ ধান প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্তে নিলাম ডাকের আহবান করা যাচ্ছে। উক্ত নিলাম ডাক আগামী ২০/১০/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বীজ প্রত্যয়ন এজেন্সী, সদর দপ্তর, গাজীপুরের কন্ট্রোল খামার ভবনে অনুষ্ঠিত হবে।

প্রকাশ্য নিলাম ডাক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করা হবেঃ

- ১। প্রকাশ্য নিলাম ডাক অফিস চলাকালীন সময়ে বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর কার্যালয়ের কন্ট্রোল খামার ভবনে অনুষ্ঠিত হবে।
- ২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানের হালনাগাদ ড্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং ডাক দাতার এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিয়ে ডাকে অংশ নিতে হবে।
- ৩। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে ২০০০/- (দুই হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিয়ে ডাকে অংশ নিতে হবে।
- ৪। সফল বিবেচিত নিলাম ডাক দাতাকে সরকারি নিয়ম অনুসারে ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ ডাকে উল্লিখিত সমুদয় টাকা তিন কার্যদিবসের মধ্যে বীজ প্রত্যয়ন এজেন্সীর অনুকূলে চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানোর মূল কপি সভাপতি, নিলাম কমিটির নিকট জমা দিতে হবে। অন্যথায় তার নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে।
- ৫। সর্বোচ্চ/সফল বিবেচিত নিলাম ডাক দাতাকে নিজ খরচে ধান সরবরাহ নিতে হবে।
- ৬। কার্যাদেশ প্রদানের পর ধান সরবরাহ নিতে বিলম্ব হলে কোন ধরনের আপত্তি কর্তৃপক্ষ গ্রহণ করবে না।
- ৭। কর্তৃপক্ষ যে কোন সময় নিলাম ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

মো: জয়নাল আবেদীন

পরিচালক

ফোনঃ ৪৯২৭২২০০

[director@sca.gov.bd](mailto:director@sca.gov.bd)

স্মারক নং-১২.০৪.০০০০. ০১০.৯৯.০০১.২৫

তারিখঃ----- খ্রি.।

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। প্রশাসক, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ৪। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নোটা), গাজীপুর।
- ৫। অতিরিক্ত পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী (সকল), গাজীপুর।
- ৬। অধ্যক্ষ, এটিআই, গাজীপুর।
- ৭। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৮। পুলিশ সুপার, গাজীপুর।
- ৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।
- ১০। উপ-পরিচালক (সকল), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।
- ১২। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, গাজীপুর।
- ১৩। জেলা মৎস্য অফিসার, গাজীপুর।
- ১৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাজীপুর।
- ১৫। অতিরিক্ত উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ১৬। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। আপনাকে পত্রটি বীজ প্রত্যয়ন এজেন্সীর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
- ১৭। নোটিশ বোর্ড, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

মো: নুরুজ্জামান

অতিরিক্ত পরিচালক

(মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং)

ও

সভাপতি, নিলাম কমিটি